দৈনিক সংবাদ 6

তারিখ 10 OCT 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭

# দেশের দ্বাদশ রাষ্ট্রপতি বিশ্বাসের দায়িত্ব গ্রহণ

(নিজস্ব বার্তা পরিবেশক)

নবনির্বাচিত রাষ্ট্রপতি আবদুর রহমান বিশ্বাস গতকাল বুধবার শপথ নিয়েছেন। বঙ্গভবনে অস্থায়ী প্রধান বিচারপতি এম এইচ রহমান রাষ্ট্রপতিকে শপথবাক্য পাঠ করান।

গতকাল বিকেলে বঙ্গভবনের দরবার হলে এই অনাড়ম্বর শপথ অনুষ্ঠানের মাধ্যমে দেশের দ্বাদশ রাষ্ট্রপতির দায়িত্ব গ্রহণ সম্পন্ন হয়।

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া, মন্ত্রিসভার সদস্যবৃন্দ, সংসদ সদস্যদের একাংশ, কূটনীতিকগণ, বেসামরিক ও সামরিক কর্মকর্তাগণ এবং গণ্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন।

শপথ অনুষ্ঠানে বিদায়ী অস্থায়ী রাষ্ট্রপতি বিচারপতি শাহাবুদ্দিন উপস্থিত ছিলেন না। নিয়মানুযায়ী থাকার কথাও নয়। সংসদের বিরোধীদলের নেত্রী শেখ হাসিনাসহ কয়েকটি বিরোধীদলের সংসদ সদস্যরাও ছিলেন অনুপস্থিত। বিএনপি'র অধ্যাপক বদরুদ্দোজা চৌধুরীকেও অনুষ্ঠানে দেখা যায়নি।

বিকেল ৪-২৮ মিঃ প্রধানমন্ত্রী অনুষ্ঠানস্থলে আসেন। ৪-২৯ মিঃ বিউগলের সুরের মধ্য দিয়ে নতুন রাষ্ট্রপতির আগমন ঘোষণা করা হয়। ৪-৩০ মিঃ সুসজ্জিত ব্যাণ্ডদলের জাতীয় সঙ্গীতের পরে কোরআন তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়।

অস্থায়ী প্রধান বিচারপতি এম, এইচ রহমান নবনির্বাচিত রাষ্ট্রপতি আবদুর রহমান বিশ্বাসকে রাষ্ট্রপতি হিসেবে 'কর্তব্য বিশ্বস্ততার সঙ্গে পালন করা', 'সংবিধানের প্রতি অকৃত্রিম আনুগত্য ও বিশ্বাস রাখা', 'ভীতি বা অনুগ্রহ, অনুরাগ বা বিরাগের বশবর্তী না হয়ে আইনানুযায়ী পালন করার' শপথ পাঠ করান। ৪-৩৬ মিঃ শপথ গ্রহণ করেন রাষ্ট্রপতি। ৪-৩৮ মিঃ জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে

রাষ্ট্রপতি ঃ পৃঃ ১২ কঃ ৩

## রাষ্ট্রপতি ঃ জনগণের সেবার সংকল্প

(১ম পাতার পর)

অনুষ্ঠান শেষ হয়।

এরপরে রাষ্ট্রপতিকে সুসজ্জিত গার্ড রেজিমেন্টের সদস্যরা গার্ড অব অনার প্রদান করেন।

৪-১০ মিনিটে নতুন রাষ্ট্রপতি বঙ্গভবনে আসেন। দরবার হলে আসা, শপথ নেয়া এবং পরে সারাক্ষণই ফটো-সাংবাদিকদের ক্যামেরার ক্লিক ক্লিক শব্দ আর আলোর ঝলকানি ছিল। সংসদ সদস্য নন এমন অনেক রাজনৈতিক নেতৃবৃন্দের মধ্যে জাসদের হাসানুল হক ইনু, কাজী আরেফ আহমদ, কে,এম ওবায়দুর রহমান উপস্থিত ছিলেন। বেগম খালেদা জিয়া এদের সকলের সঙ্গেই কুশল বিনিময় করেন।

অনুষ্ঠানশেষে চা-চক্রে যাবার পরে সাংবাদিকরা রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীকে ঘিরে ধরেন।

৮ মিনিট স্থায়ী শপথ অনুষ্ঠান-শেষে জামায়াতে ইসলামীর সংসদ সদস্যবৃন্দ, জাসদের শাহজাহান সিরাজ, এনডিপি'র সালাহউদ্দীন কাদের চৌধুরী, ওয়ার্কার্স পার্টির রাশেদ খান মেনন, স্বতন্ত্র সদস্য নুরুল ইসলাম মনি উপস্থিত ছিলেন। তারা রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর সঙ্গে কুশল বিনিময় করেন এবং শুভেচ্ছা জানান। প্রধানমন্ত্রী স্মিত হেসে রাষ্ট্রপতিকে দেখিয়ে বলেন, 'আজ তাঁর দিন। তাঁর কাছেই জিজ্ঞাসা করুন'।

রাষ্ট্রপতি বলেন, আমি জাতীয়তাবাদী দল ও দেশবাসীর প্রতি শুকরিয়া জ্ঞাপন করছি। সারাদেশের মানুষকে আজীবন ভালোবেসেছি। আজ এই মানুষকে সেবা করার সুযোগ পেয়েছি। জনগণের সেবা করতে চাই।

আইনমন্ত্রী মীর্জা গোলাম হাফিজ সমবেত সাংবাদিকদের বলেন, নতুন রাষ্ট্রপতি যে পার্টির লোক, তা ভুলে যেতে হবে। তিনি বলেন, আজ থেকে সত্যিকারের সংসদীয় গণতন্ত্রের যাত্রা শুরু হয়েছে।